**AKASHVANI (Kolkata)**
**Regional News Unit**

**Date : 30-07-24** **Desk in Charge :**

**Time : 7-50 P.M** **Compiling :**

**Morning /Day /Evening National/ Regional/ General**

**Opening Announcement –** আকাশবাণী / খবর পড়ছি –

বিশেষ বিশেষ খবর –

১/ বাংলা ভাগের চেষ্টার অভিযোগ করে তার বিরোধিতায় সরকার পক্ষের আনা প্রস্তাবের উপর রাজ্য বিধানসভায় আগামী সোমবার আলোচনা হবে।
# সরকার জানিয়েছে, বাংলাভগের চক্রান্তের বিরুদ্ধে সকলকে একজোট করাই এর উদ্দেশ্য। অন্যদিকে, বিজেপি অভিযোগ করেছে, ফিরহাদ হাকিমের মন্তব্য আড়াল করতেই এই আলোচনা।
২/ ঝাড়খন্ডের চক্রধরপুরে মুম্বইমুখী ট্রেন দুর্ঘটনায় নিহতদের পরিবার পিছু ১০ লক্ষ টাকা দেওয়ার কথা ঘোষণা করেছে রেল। গুরুতর আহতদের ৫ লক্ষ ও অল্প আহতদের এক লক্ষ টাকা করে দেওয়া হবে। # আহতদের মধ্যে আছেন মালদার চার বাসিন্দা। # দুর্ঘটনার জেরে দক্ষিণ পূর্ব রেলের ৬২ টি ট্রেন শনিবার পর্যন্ত বাতিল করা হয়েছে।

৩/ গরু পাচার মামলায় সুপ্রিম কোর্ট আজ অনুব্রত মন্ডলের জামিন মঞ্জুর করেছে।
৪/ সরকারী জমি দখলমুক্ত করতে মুখ্যমন্ত্রীর কড়া বার্তার পর ডাবগ্রাম-ফুলবাড়ি এলাকায় তৃণমূল কংগ্রেসের আরো দুই নেতাকে গ্রেপ্তার করেছে পুলিশ।
৫/ কলকাতা প্রিমিয়ার লিগ ফুটবলে নৈহাটিতে আজ মোহনবাগান সুপার জায়ান্ট, ৫-১ গোলে টালিগঞ্জ অগ্রগামীকে হারিয়ে দিয়েছে।

*************************************************************

বাংলা ভাগের চেষ্টার অভিযোগ করে তার বিরোধিতায় সরকার পক্ষের আনা প্রস্তাবের উপর রাজ্য বিধানসভায় আগামী সোমবার আলোচনা হবে। কার্য উপদেষ্টা কমিটির বৈঠকে আজ এই সিদ্ধান্ত গৃহীত হয়। প্রথমার্ধে দু'ঘণ্টা এ বিষয়ে আলোচনা হবে। মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীও আলোচনায় অংশ নেবেন বলে তৃণমূল কংগ্রেসের পরিষদীয় দলের সূত্রে জানা গেছে। পরিষদীয় মন্ত্রী শোভনদেব চট্টোপাধ্যায় এপ্রসঙ্গে বলেন, এরাজ্যের মানুষ বিজেপিকে বারবার ভোটে প্রত্যাখ্যান করায়, রাজ্যকে দুর্বল করতে বাংলা ভাগের চক্রান্ত করা হচ্ছে। এই প্রস্তাব আনার উদ্দেশ্য, বাংলার মানুষকে বার্তা দেওয়া, যাতে এই চক্রান্তের বিরুদ্ধে সবাই এক হতে পারে।

( বাইট- শোভনদেব )

প্রসঙ্গত, গত বছর ফেব্রুয়ারি মাসেও তৃণমূল কংগ্রেসের তরফ থেকে এ ধরনের প্রস্তাব আনা হয়।

এদিকে, বিজেপি অভিযোগ করেছে, ফিরহাদ হাকিমের মন্তব্য আড়াল করতেই সোমবার বঙ্গভঙ্গ নিয়ে বিধানসভায় এই আলোচনা রাখা হয়েছে। তবে, বাংলা কোনোভাবেই ভাগ হতে দেওয়া হবেনা বলে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী স্পষ্ট জানিয়েছেন।

(বাইট- শুভেন্দু )

*******************

এদিকে, বামফ্রন্ট সরকারের কারা ও সমাজকল্যাণ মন্ত্রী প্রয়াত বিশ্বনাথ চৌধুরীর প্রতি সম্মান জানিয়ে আজ রাজ্য বিধানসভার অধিবেশন দিনের মতো মুলতুবি হয়ে যায়। অধিবেশনের শুরুতেই অধ্যক্ষ বিমান বন্দ্যোপাধ্যায়, প্রয়াত প্রাক্তন মন্ত্রীর প্রতি শ্রদ্ধা জানিয়ে তাঁর রাজনৈতিক ও কর্ম জীবনের কথা উল্লেখ করেন। পরে উপস্থিত বিধায়করা বিশ্বনাথ চৌধুরীর প্রতি শ্রদ্ধা জানান। দু মিনিট নীরবতাও পালন করা হয়।

*******************

রাজ্য বিধানসভার অধ্যক্ষ বিমান বন্দ্যোপাধ্যায়ের বিরুদ্ধে পক্ষপাতমূলক আচরণের অভিযোগ তুলে বিরোধী বিজেপি পরিষদীয় দল তাকে অপসারণের দাবি জানিয়েছে। এই মর্মে দলের ৫০ জন বিধায়কের স্বাক্ষরিত একটি অনাস্থা প্রস্তাব আজ বিধানসভার সচিবালয়ে জমা দেওয়া হয়। বিরোধী দলনেতার শুভেন্দু অধিকারীর নেতৃত্বে বিধানসভার সচিব সুকুমার রায়ের হাতে ওই প্রস্তাবটি জমা দেওয়া হয়। অধ্যক্ষ বিমান বন্দ্যোপাধ্যায় বিধানসভা পরিচালনার ক্ষেত্রে লাগাতার বৈষম্য করছেন বলে, ওই প্রস্তাবে অভিযোগ করা হয়েছে।

*******************

২০২৩-২৪ অর্থবর্ষের জন্যে সরকারি কর্মীদের 'সেল্ফ অ্যাপ্রাইজাল রিপোর্ট' জমা করার সময়সীমা বৃদ্ধি করা হয়েছে। চলতি অর্থবর্ষের জন্য এই রিপোর্ট জমা দেওয়ার শেষ সময়সীমা ধার্য হয়েছে ১৪ অগস্ট। একইসঙ্গে বলা হয়েছে, সেল্ফ অ্যাপ্রাইজাল রিপোর্ট জমা করার ক্ষেত্রে রিপোর্টিং অফিসার-কে ২০২৪ সালের ৩০ সেপ্টেম্বরের মধ্যে কাজ শেষ করতে হবে। এরপর রিভিউয়িং অফিসার-কে কাজ শেষ করতে হবে এই বছরেরই ৩০ নভেম্বরের মধ্যে। সব শেষে অ্যাক্সেপ্টিং অফিসার-কে ২০২৫ সালের ৩১ জানুয়ারির মধ্যে কাজ শেষ করতে হবে ।

*******************

ঝাড়খন্ডের চক্রধরপুর ডিভিশনের মুম্বইমুখী হাওড়া CSMT এক্সপ্রেস দুর্ঘটনায় নিহতদের পরিবার পিছু রেল ১০ লক্ষ টাকা দেওয়ার কথা ঘোষণা করেছে। গুরুতর আহতদের ৫ লক্ষ ও অল্প আহতদের এক লক্ষ টাকা করে দেওয়া হবে। নিহত দুই যাত্রীর পরিবার এবং আহত আটজনকে ইতোমধ্যেই এই অর্থ তুলে দেওয়া হয়েছে বলে দক্ষিণ পূর্ব রেল জানিয়েছে।

আজ ভোর পৌনে চারটে নাগাদ বরাবাম্বু স্টেশনের কাছে ২২ কোচের ১২৮১০ হাওড়া মুম্বই মেলের অন্তত ১৮ টি কামরা লাইনচ্যুত হয়। বেলাইন হওয়া মালগাড়ির ওয়াগন পাশের লাইনে উল্টে পড়ায় তাতে ধাক্কা লেগেই এই বিপত্তি বলে খবর।

তৃণমূল কংগ্রেস প্রধান, মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী হাওড়া মুম্বই মেল লাইনচ্যুত হওয়ার ঘটনায় প্রশাসনের তীব্র নিন্দা করেছেন। এক্স হ্যান্ডেলে তিনি বলেছেন, আরও একটি ভয়ঙ্কর রেল দুর্ঘটনা ঘটে গেল আজ ভোরে। প্রায় প্রতি সপ্তাহে ধারাবাহিক দুঃস্বপ্নের মত রেল পথে মৃত্যু মিছিল চলছে। আর কতদিন মানুষ এসব সহ্য করবে, সেই প্রশ্নও তুলেছেন তিনি।

এদিকে, ঝাড়খন্ডের ট্রেন দুর্ঘটনায় আহতদের মধ্যে আছেন মালদার চার বাসিন্দা। এরা হলেন, ইংরেজ বাজারের নরহাট্টা গ্রাম পঞ্চায়েতের লক্ষীঘাট বালুপুরের জামশেদ শেখ, সোহরাব আলি হোসেন ও কাদের শেখ এবং চাঁচল এক নম্বর ব্লকের দেবীগঞ্জ গ্রামের রাজু শেখ।

পরিযায়ী শ্রমিক শেখ রাজু কোমরে গুরুতর আঘাত নিয়ে স্থানীয় রেলের হাসপাতালে চিকিৎসাধীন। বাকি তিনজনের'ও সেখানেই চিকিৎসা চলেছে। তাঁরা মুম্বাইতে ফল বিক্রির কাজ করতে যাচ্ছিলেন।

অন্যদিকে, ট্রেন দুর্ঘটনার জেরে আজ থেকে শনিবার তেসরা আগস্ট পর্যন্ত দক্ষিণ পূর্ব রেলের ৬২টি ট্রেন বাতিল করা হয়েছে। এছাড়া, ১১ টি ট্রেনের যাত্রাপথ সংক্ষিপ্ত ও ২৮টি ট্রেনকে ঘুরপথে চালানো হবে বলে রেল সূত্রে জানা গেছে। আজ'ও বেশ কিছু ট্রেন বাতিল ও যাত্রাপথ সংক্ষিপ্ত করা হয়।

বাতিল হওয়া ট্রেনগুলির মধ্যে রয়েছে হাওড়া–তিতলাগড়-কান্তাবাঞ্জি ইস্পাত, খড়গপুর–ঝাড়গ্রাম-ধানবাদ, হাওড়া-বারবিল জনশতাব্দী এবং শালিমার-LTT এক্সপ্রেস এবং CSMT মুম্বাই হাওড়া মেল। এর পাশাপাশি হাওড়া–CSMT মুম্বাই দুরন্ত ও হাওড়া-পুনে আজাদহিন্দ এক্সপ্রেসের মতো অনেক ট্রেনের যাত্রাপথ ঘুরিয়ে দেওয়া হচ্ছে।

******************

১৫ বছরের বেশি বেসরকারি বাস মিনিবাস বাতিলের প্রতিবাদে ৫ টি বেসরকারি বাস মালিক সংগঠন আজ দুপুরে কলকাতার হাজরা মোড়ে  জমায়েত হয়।

Joint Council of Bus Syndicates, Bengal Bus Syndicate, Minibus Operators Co-Ordination কমিটি, West Bengal Bus and Minibus Onwer's Association , Inter and Intre Region Bus Association এর প্রতিনিধিরা  অন্ততঃ ২'বছর সংশ্লিশট গাড়ির মেয়াদ বৃদ্ধির দাবী জানিয়ে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জির হস্তক্ষেপ চান।

উল্লেখ্য, কলকাতা হাই কোর্টের নির্দেশে কলকাতায় ১৫ বছরের পুরনো বাস-মিনি বাস চলতে পারবে না। সেই অনুসারে আগামী পয়লা আগস্ট থেকে শহর ও শহরতলী এলাকায় ধাপে ধাপে বেশ কিছু গাড়ি বাতিল হওয়ার কথা।

*******************

গরু পাচার মামলায় সুপ্রিম কোর্ট অনুব্রত মন্ডলের জামিন মঞ্জুর করেছে। তবে সিবিআই-এর রুজু করা মামলায় জামিন পেলেও দিল্লী হাইকোর্টে ইডির মামলার কারণে তিহার জেলেই থাকতে হবে বীরভূমের এই দাপুটে তৃণমূল কংগ্রেস নেতাকে। বিচারপতি বেলা এম ত্রিবেদী এবং বিচারপতি সতীশচন্দ্র শর্মার বেঞ্চ আজ অনুব্রত মন্ডলের জামিন মঞ্জুর করেন।

উল্লেখ্য, ২০২২-এর আগস্টে গরুপাচার মামলায় সিবিআই-এর হাতে গ্রেপ্তার হন অনুব্রত। পরে ইডিও তাকে গ্রেপ্তার করে।

*******************

সরকারী জমি দখলমুক্ত করতে মুখ্যমন্ত্রীর কড়া বার্তার পর ডাবগ্রাম-ফুলবাড়ি এলাকায় তৃণমূল কংগ্রেসের আরো দুই নেতাকে গ্রেপ্তার করেছে পুলিশ।

প্রাক্তন অঞ্চল সভাপতি মহম্মদ আহিদ ও মহম্মদ নাসির নামে এই দুই নেতার বিরুদ্ধেও সরকারি জমি দখলের অভিযোগ রয়েছে। শিলিগুড়ি মেট্রোপলিটন পুলিশের 'স্পেশাল অপারেশন গ্রুপ' এবং NJP থানার পুলিশ যৌথ অভিযান চালিয়ে তাদের গ্রেপ্তার করে। এর আগে একই অভিযোগে শাসক দলের ব্লক সভাপতি দেবাশিস প্রামাণিক ও প্রভাবশালী নেতা গৌতম গোস্বামীকেও সরকারি

জমি দখলের অভিযোগে গ্রেপ্তার করা হয়। দেবাশিসকে পরে দল থেকে বহিস্কার করে তৃণমূল কংগ্রেস।

******************

বারাকপুর পুলিশ কমিশনারেটের ট্রাফিক বিভাগের সাব ইন্সপেক্টর ওঙ্কার বন্দ্যোপাধ্যায়কে মারধরের অভিযোগ উঠেছে এক কাউন্সিলরের বিরুদ্ধে। অভিযোগের তির বারাকপুর পুরসভার ২০ নম্বর ওয়ার্ডের কাউন্সিলর রমেশ সাউ ও তাঁর ছেলে বিমল সাউয়ের বিরুদ্ধে। এপ্রিল মাসের এই ঘটনার ভিডিও ফুটেজ আজ সামাজিক মাধ্যমে ভাইরাল হওয়ায় চাঞ্চল্য ছড়ায়। ওই পুলিশ কর্মীর স্ত্রীর সঙ্গে গত ৩০ এপ্রিল রাতে বাগবিতন্ডা হয় ব্যারাকপুর পুরসভার ২০ নম্বর ওয়ার্ডের কাউন্সিলর রমেশ সাউয়ের। ওই পুলিশকর্মীকে কাউন্সিলার ও তাঁর ছেলে মারধর করেন বলে সামাজিক মাধ্যমে ভিডিও পোষ্ট করে দাবি করেন বিজেপি নেতা ও আইনজীবী কৌস্তভ বাগচী। যদিও পুলিশ কর্মীর বিরুদ্ধে পাল্টা হামলার অভিযোগ করেছেন রমেশ সাউ। এই বিষয়ে ঐ পুলিশ কর্মীর কোনো প্রতিক্রিয়া পাওয়া যায় নি।

******************

নদীয়ার তাহেরপুরের ব্যবসায়ী রাজা ভৌমিক খুনের ঘটনায় রানাঘাটের fastrack আদালত, ধৃত চারজনকে আজীবন কারাবাসের নির্দেশ দিয়েছে। দেবব্রত বিশ্বাস, হৃদয় মন্ডল, সৌরভ মজুমদার ও মূল চক্রী রাসমণি বিশ্বাসকে গতকাল এই আদালতেই দোষী সাব্যস্ত করা হয়।

উল্লেখ্য, ২০২৩ সালের ৮ই ডিসেম্বর রাজা ভৌমিককে গুলি করে খুনের ঘটনায় রানাঘাট পুলিশ রাজস্থান, নবী মুম্বাই  ও বর্ধমান থেকে তিনজনকে গ্রেপ্তার করে। রাসমণি বিশ্বাসকে ধরা হয় স্থানীয় এলাকা থেকে। এই মামলায় মোট ৩১-জনের সাক্ষ্য গ্রহণ করা হয়।

******************

কোচবিহারের মাথাভাঙ্গা ১ নং ব্লকের নয়ারহাট এলাকায় তৃণমূলের গোষ্ঠীসংঘর্ষের জেরে উভয় পক্ষের চারজন আহত হয়েছেন। তারা মাথাভাঙ্গা মহকুমা হাসপাতালে চিকিৎসাধীন।
তৃণমূল কংগ্রেসের পঞ্চায়েত সদস্য ভবেশ বর্মন ও নয়ারহাট SC/ST সেলের অঞ্চল সভাপতি ধরনি বর্মনের মধ্যে এই সংঘর্ষ বাধে।
ধরনি বাবুর দাবি, এলাকার একটি রাস্তার কাজের জন্য পঞ্চায়েত সদস্য ভবেশ বাবু ঠিকাদারি সংস্থার কাছে ৫০ হাজার টাকা দাবি করেন। সেই নিয়ে তিনি প্রতিবাদ জানালে এই সংঘর্ষের সূত্রপাত। পঞ্চায়েত সদস্যের অনুগামীরা তাঁর বাইক ভাঙচুর করে। ঠেকাতে গিয়ে আহত হন তাঁর দাদাও। পরে মাথাভাঙ্গা থানার পুলিশ গিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে।
পঞ্চায়েত সদস্যের দাবি, তাঁর বিরুদ্ধে যারা অভিযোগ করেছেন, তাঁরা বিজেপির কর্মী-সমর্থক। মদ্যপান করে গালিগালাজ করা নিয়েই গন্ডোগোল বাধে। অন্যদিকে, জেলা তৃণমূল কংগ্রেসের চেয়ারম্যান গিরীন্দ্রনাথ বর্মন বলেন, পারিবারিক বিবাদ, এর সঙ্গে রাজনীতির কোনো যোগ নেই।

******************

কলকাতা ও পাটনা পুলিশের STF, গতরাতে যৌথ অভিযান চালিয়ে বিহারের Madhawara থানা এলাকায় আগ্নেয়াস্ত্র তৈরীর কারখানার হদিশ পেয়েছে। উদ্ধার হয়েছে একটি আগ্নেয়াস্ত্র, পিস্তল তৈরির প্রচুর যন্ত্রাংশ, লেদ মেশিন, ড্রিলিং মেশিন, গ্রাইডিং মেশিন, ওয়েলডিং মেশিন, জেনারেটর এবং আগ্নেয়াস্ত্র তৈরীর অনেক কাঁচা মাল। কারখানার মালিক অখিলেশ খুশওয়াহা সহ মোট পাঁচজনকে গ্রেপ্তার করা হয়। সকলেই বিহারের বাসিন্দা বলে STF সূত্রে জানা গেছে।

******************

পশ্চিম বর্ধমানের ফরিদপুর ব্লকের নবঘনপুর গ্রামে ছেলেধরা সন্দেহে আজ এক ব্যক্তি গণপিটুনির শিকার হন। দুপুরে ওই ব্যক্তিকে গ্রামের আশেপাশে ঘোরাঘুরি করতে দেখে স্থানীয়দের সন্দেহ হয়। গ্রামবাসীরা তাঁকে একটি পিলারে দড়ি দিয়ে

বেঁধে মারধর করে বলে অভিযোগ। বছর চল্লিশের ওই ব্যক্তির নাম আহতের নাম কিশন পাহাড়ি। আহত ব্যক্তি  মানসিক ভারসাম্যহীন বলে জানা গিয়েছে। পুলিশ ওই ব্যক্তিকে উদ্ধার করতে গেলে উত্তেজিত জনতা পুলিশকেও মারধর করে। ওই ব্যক্তিকে উদ্ধার করে দুর্গাপুর মহকুমা হাসপাতালে ভর্তি করে পুলিশ।

*******************

নৈহাটিতে আজ কলকাতা প্রিমিয়ার লিগ ফুটবলে মোহনবাগান সুপার জায়ান্ট, ৫-১ গোলে টালিগঞ্জ অগ্রগামীকে হারিয়ে দিয়েছে। মোহনবাগানের হয়ে সুহেল আহমেদ ভাট হ্যাট্রিক করেন। সালাউদ্দিন একটি গোল করেন। আরেকটি গোল আত্মঘাতী। টালিগঞ্জ অগ্রগামীর হয়ে একমাত্র গোলটি করেন সামিম।

*******************

রাজ্যে শিল্পে বিনিয়োগের সম্ভাবনা নিয়ে শিল্প গোষ্ঠী আদিত্য বিড়লা সংস্থার চেয়ারম্যান কুমার মঙ্গলম বিড়লা আজ নবান্নে গিয়ে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জির সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেন। বেশ কিছুক্ষণ তাদের মধ্যে কথা হয়। পরে মুখ্যমন্ত্রী নিজের এক্স হ্যান্ডেলে রাজ্যে সিমেন্ট এবং রং তৈরির জন্য তিনি পাঁচ হাজার কোটি টাকা বিনিয়োগ করতে চলেছেন বলে জানিয়েছেন। পাশাপাশি শহরে বিশ্বমানের একটি শিক্ষা প্রতিষ্ঠান গড়ে তোলার জন্যেও বিনিয়োগ করবেন বলেও জানিয়েছেন। এইজন্যে রাজ্যের তরফে তাকে সব ধরনের সহায়তা করা হবে বলে মুখ্যমন্ত্রী আশ্বাস দিয়েছেন।

*******************

পরিচালক- কলাকুশলী সংঘাতের জেরে টালিগঞ্জের স্টুডিও পাড়ায় আজ'ও শ্যুটিং বন্ধ। অচলাবস্থা কাটানোর পথ খুঁজতে আজ নবান্নে মুখ্যমন্ত্রীর সঙ্গে দেখা করেন অভিনেতা দেব ও প্রসেনজিত এবং পরিচালক গৌতম ঘোষ।

মিনিট ৪০ তাঁদের মধ্যে কথা হয়। আলোচনার বিশদ না জানানো হলেও, এক্স হ্যান্ডেলে দেব জানিয়েছেন, আজ সন্ধ্যের মধ্যেই সমস্যা মিটে যাবে বলে তাঁরা আশা করছেন।